

নেপালে পরিস্থিতির উপর বিবৃতি

নেপালে সংবিধান তৈরির প্রক্রিয়া চলাকালীন ভারত এক সংযুক্ত, গণতান্ত্রিক, প্রজাতান্ত্রিক এবং সর্বসম্মত সংবিধানকে সমর্থন করেছে। আমরা আজ নেপালে এক সংবিধান তৈরি সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করছি।

সীমান্তবর্তী এই দেশের নানা অংশে হিংসাত্মক অবস্থা সম্পর্কে ভারত উদ্বিগ্ন। কাঠমান্ডুতে আমাদের রাষ্ট্রদুতের সঙ্গে এ ব্যাপারে নেপালের প্রধানমন্ত্রীর কথা হয়েছে। কয়েকটি বিষয়ে মতপার্থক্য রয়েছে। আমাদের আর্জি, হিংসামুক্ত ও আতঙ্কবিহীন পরিবেশে, আলোচনার মাধ্যমে সেগুলির সমাধান হোক এবং তা এমনভাবে ফলপ্রসূ হোক, যাতে সর্বস্তরে গৃহীত হয়। এর ফলেই নেপালে সম্প্রীতি, উন্নয়ন ও বিকাশের ভিত্তি স্থাপন হবে।

আমরা নেপালের মানুষকে আন্তরিক শুভেচ্ছা জানাই।

নয়াদিল্লি
সেপ্টেম্বর ২০, ২০১৫